

যুগান্তর

ডুল প্রশ্নে পরীক্ষা নেয়ায় নালিতাবাড়ীতে শিক্ষার্থীদের ক্ষোভ

নালিতাবাড়ী (শেরপুর) প্রতিনিধি

রোববার ডুল প্রশ্ন সেটে পরীক্ষা দেয়া নালিতাবাড়ীর সাতশ' এইচএসসি পরীক্ষার্থীর কি হবে। এমন প্রশ্নই ঘুরপাক খাচ্ছে সংশ্লিষ্ট শিক্ষার্থী ও অভিভাবকদের মাঝে। এদিকে ভুক্তভোগী পরীক্ষার্থীরা মানববন্ধন করে তারা যেন ক্ষতিগ্রস্ত না হয় এ দাবি জানিয়েছে। খোঁজ নিয়ে জানা গেছে, রোববার বিকালে ছিল ঢাকা বোর্ডের এইচএসসি পরীক্ষার রসায়ন, ইসলামের ইতিহাস ও সাধারণ ইতিহাসের দ্বিতীয়পত্রের পরীক্ষা। এ পরীক্ষায় সংশ্লিষ্ট বোর্ডের সব কেন্দ্রে 'খ' সেট প্রশ্নে পরীক্ষা হলেও নালিতাবাড়ী কেন্দ্রে 'ক' সেট প্রশ্নে পরীক্ষা নেয়া হয়েছে। নালিতাবাড়ী শহীদ আবদুর রশীদ মহিলা কলেজ কেন্দ্রে বিজ্ঞান বিভাগের পরীক্ষার্থীরা জানান, খোঁজ নিতে গিয়ে জানতে পারি, ওদের প্রশ্নপত্রের সঙ্গে আমাদের প্রশ্নপত্রের মিল নেই।